তারিখ 03 NOV 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক



সুজানগর (পাবনা): উপজেলার নরসিংহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদান চলছে বসতবাড়িতে —ইত্তেফাক

# বসতবাড়িতে প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান!

■ সুজানগর (পাবনা) সংবাদদাতা

সুজানগরের নাজিরগঞ্জ ইউনিয়নের নরসিংহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একমাত্র ভবনে ফাটল ধরায় বর্তমানে পাঠদান চলছে বিদ্যালয়ের পার্শ্ববর্তী একটি বসতবাড়িতে। এতে শিক্ষার্থীদের সুষ্ঠু পাঠদান ব্যাহত হওয়ার পাশাপাশি শিক্ষার পরিবেশ বিঘ্নিত হচ্ছে।

> বিদ্যালয় কর্তৃপক্ষ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের অনুমতি নিয়ে বিদ্যালয়ের পার্শ্ববর্তী জহুরুল হকের বসতবাড়িতে বিদ্যালয়ের আড়াইশ' শিক্ষার্থীর পাঠদানসহ সকল কার্যক্রম পরিচালনা করছেন

বিদ্যালয়টি ১৯৭০ সালে প্রতিষ্ঠার পর ১৯৯৫ সালে ওই ভবন নির্মাণ করা হয়। এরপর দীর্ঘ ২০ বছর অতিবাহিত হলেও সংস্কার করা হয়নি। ফলে ভবনটির বিভিন্ন স্থানে ফাটল ধরার পাশাপাশি পলেস্তার খসে পাঠদানের অনুপযোগী হয়ে পড়েছে। বিশেষ করে সাম্প্রতিক সময়ের ভূমিকম্পে ভবনটি কিছুটা হেলে পড়ায় পাঠদান ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এ অবস্থায় বিদ্যালয় কর্তৃপক্ষ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের অনুমতি নিয়ে বিদ্যালয়ের পার্শ্ববর্তী জহুরুল হকের বসতবাড়িতে বিদ্যালয়ের আড়াইশ' শিক্ষার্থীর পাঠদানসহ সকল কার্যক্রম পরিচালনা করছেন। তবে বিদ্যালয়টি ঝুঁকিপূর্ণ এবং পাঠদানের অনুপযোগী হলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরিত্যক্ত ঘোষণা করেনি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক নারায়ণ চন্দ্র বিশ্বাস জানান, বিদ্যালয় ভবনের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার পর তারা পরিদর্শন করেছেন। তবে পাঠদানের উপযোগী কিনা সে বিষয়ে কিছু জানাননি। ফলে বসতবাড়িতেই পাঠদান করছি।

উপজেলা শিক্ষা অফিসার সৈয়দা নার্গিস আক্তার বলেন, বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ করার প্রয়োজনীয়তাসহ ওই ভবনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিত করেছি। কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।